

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/ বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং-৩৭.০৩.০০০০.০৩৬.০৪.১৩.১৯.পলি:ইস:২৪.১৪২৯

তারিখঃ ২১/০৫/২০১৯ খ্রিঃ

বিষয় : রিট পিটিশন নং-১৩৭৯৩/২০১৮ মামলার আর্জির ২৪ নং প্যারার (এনেক্স-জি) সরকার পক্ষের জবাব প্রস্তুতকরনের নিমিত্তে অধ্যক্ষ, সিলেট পলিটেকনিক ইন্সটিটিউট, সিলেট এর সুস্পষ্ট মতামত প্রেরণ প্রসঙ্গে।

সূত্র ১: কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-সংস্থাপন(৩)/সমতা/৭২/৬০(অংশ-৪)/০৫৭, তারিখ: ০৬/০২/২০১৮।

সূত্র ২: সিলেট পলিটেকনিক ইন্সটিটিউটের স্মারক নং-সি.ই./প্রশাঃ/পি.এফ-৫১/৮৯/২৩২০, তারিখ: ১০/১২/২০১৭খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং-অম/অবি(বাস্ত-২)/বেঃস্কেঃউঃ(শিক্ষা) ২১/২০০৮/২১৮, তারিখ: ১০/১১/২০০৮ এবং শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শিম/শাঃ/বেতন স্কেল-২/৯৫(অংশ-১)/৬৯১, তারিখ: ১৯.১১.২০০৮ মোতাবেক কারিগরি শিক্ষা অধিদপ্তরের বিভিন্ন পলিটেকনিক এবং মনোটেকনিক প্রতিষ্ঠানে কর্মরত যে সকল ক্রাফট ইন্সট্রাক্টরগণ দশম গ্রেডের (টাইম স্কেল বাদে) বেতন স্কেল গ্রহণ করে বেতন ভাতাদি উত্তোলন করছেন তাদের সকলের বেতন স্কেল অবনমিত করার আদেশ প্রাপ্তির জন্য জনাব মোঃ আব্দুল হান্নান, ক্রাফট ইন্সট্রাক্টর (গং-১২ জন), সিলেট পলিটেকনিক ইন্সটিটিউট, সিলেট কর্তৃক মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-১৩৭৯৩/২০১৮ দায়ের করেন।

২। বাদীর দাখিলকৃত আর্জির ২৪ নং প্যারায় (এনেক্স-জি) উল্লেখ করা হয়েছে জনাব মোঃ আব্দুল হান্নান, ক্রাফট ইন্সট্রাক্টর, সিলেট পলিটেকনিক ইন্সটিটিউট, সিলেট কর্তৃক তার সমপদ ও সমস্কেলে কনিষ্ঠ কর্মচারী জনাব মোঃ দেলোয়ার হোসেন, ক্রাফট ইন্সট্রাক্টর (টি আর) এর তুলনায় জ্যেষ্ঠ কর্মচারী হিসেবে কম বেতন প্রাপ্তি জনিত সমস্যা নিরসনে গত ২৩/১০/২০১৭খ্রিঃ তারিখের আবেদন অধ্যক্ষ, সিলেট পলিটেকনিক ইন্সটিটিউট এর মাধ্যমে মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর বরাবর প্রেরণ করেন। উল্লেখিত বিষয়ে কর্তৃপক্ষ কর্তৃক কোন ব্যবস্থাদি গ্রহণ করা হয়নি মর্মে আর্জিতে উল্লেখ করা হয়েছে।

৩। উল্লেখ্য যে, আর্জির ২৪ নং প্যারার (এনেক্স-জি) আবেদনের বিষয়ে কারিগরি শিক্ষা অধিদপ্তরের প্রশাসন শাখা-৩ হতে বিষয়টি ইতিমধ্যেই নিষ্পত্তি করা হয়েছে এবং বাদীর আবেদন নিষ্পত্তিকরনের বিষয়টি কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-সংস্থাপন(৩)/সমতা/৭২/৬০(অংশ-৪)/০৫৭, তারিখ: ০৬/০২/২০১৮খ্রিঃ মোতাবেক অধ্যক্ষ, সিলেট পলিটেকনিক ইন্সটিটিউট কে অবহিত করা হয় এবং উক্ত নিষ্পত্তিকরন পত্রের সাথে জনাব মোঃ আব্দুল হান্নান এবং জনাব মোঃ দেলোয়ার হোসেন এর চাকুরিবহি ফেরত প্রদান করা হয় (কপি সংযুক্ত)।


৪। এমতাবস্থায়, রিট পিটিশন নং-১৩৭৯৩/২০১৮ মামলার আর্জির ২৪ নং প্যারার (এনেক্স-জি) সরকার পক্ষের জবাব প্রস্তুতকরনের জন্য বাদীর আবেদন নিষ্পত্তিকরন বিষয়ে কারিগরি শিক্ষা অধিদপ্তর কর্তৃক অধ্যক্ষ, সিলেট পলিটেকনিক ইন্সটিটিউট বরাবর প্রেরিত পত্র এবং ২ (দুই) টি সার্ভিস বহি যথাসময়ে বা কোন তারিখে প্রাপ্ত হয়েছিলেন এতসংক্রান্ত বিষয়ে সুস্পষ্ট মতামত আইন সেলে প্রদানের জন্য অনুরোধ করা হলো।

প্রাপকঃ

অধ্যক্ষ

সিলেট পলিটেকনিক ইন্সটিটিউট

সিলেট।


২১-৫-২০১৯
(মোঃ মিজানুর রহমান)
অতিরিক্ত সচিব
পরিচালক (পিআইডব্লিউ)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলঃ

১। ভারপ্রাপ্ত কর্মকর্তা (আইসিটি সেল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ)।

০২। পি এ টু মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)

০৩। সংরক্ষণ নথি।